

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৪৪

আগরতলা, ৩১ জুলাই, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ৩০ জুলাই, ২০২৪ তারিখে স্যন্দন পত্রিকায় ‘কৈলাশহরে আয়ুষ্মান কার্ড নিয়ে ক্ষোভ বাড়ছে’ শিরোনামে প্রকাশিত সংবাদটি আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার রাজ্য শাখা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে প্রকাশিত সংবাদটি সঠিক নয়। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার মাধ্যমে দেশের অনেক সুবিধাভোগী পরিবার পিছু বার্ষিক ৫ লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্য বীমার পরিষেবা পাচ্ছেন। ত্রিপুরার ৫ লক্ষ ৮০ হাজারেরও বেশি পরিবারকে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে আরও জানানো হয়েছে, এই যোজনার নির্দেশিকা অনুযায়ী অন্তর্ভুক্ত পরিবারের সুবিধাভোগীরা রাজ্যের এবং বহিরাঙ্গের যে কোনো তালিকাভুক্ত সরকারি এবং বেসরকারি হাসপাতাল থেকে বছরে পাঁচ লক্ষ টাকা পর্যন্ত বিনামূল্যে চিকিৎসা পরিষেবার সুযোগ পাবেন। এই প্রকল্পে যোগ্য পরিবারের অধীনে সদস্য সংখ্যার কোনও বাধ্যবাধকতা নেই এবং সুবিধাভোগীর বয়সের কোনও সীমা নেই। এই প্রকল্পে সমস্ত প্রাক্ বিদ্যমান রোগ কভার করা হবে। আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত রাজ্যের ৩.৩৬ লক্ষেরও বেশি সুবিধাভোগী রাজ্যের এবং বহিরাঙ্গের বিভিন্ন তালিকাভুক্ত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে বিভিন্ন হাসপাতালে ১৮৬ কোটি টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে। এই প্রকল্পে রাজ্যে এখন পর্যন্ত প্রায় ১৫.২২ লক্ষ সুবিধাভোগীকে আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে। তাছাড়াও রাজ্যের বাকি জনগণের স্বাস্থ্য বীমা পরিষেবা নিশ্চিত করার জন্য, ত্রিপুরায় ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা ২০২৩ প্রকল্প চালু করা হয়েছে। ইউনিভার্সাল হেলথ কভারেজ নিশ্চিত করতে বিনামূল্যে স্বাস্থ্য বীমা কভারেজ প্রদান করাই এই স্কিমের মূল উদ্দেশ্য। এখনও পর্যন্ত, ১,৯৩,৯৩৫ পরিবারের মোট ৪,২৬,১৪৬ জন সুবিধাভোগীকে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩ স্কিমের আয়ুষ্মান কার্ড ইস্যু করা হয়েছে এবং কার্ড তৈরির প্রক্রিয়া চলছে। এখন পর্যন্ত, ৮ হাজারেরও বেশি রোগী বিভিন্ন হাসপাতাল থেকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা ২০২৩-এর অধীনে ১০৯.৫৩ লক্ষ টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে।
